FEB. 20 2001

তারিখ ... ... ... ...
পৃষ্ঠা ... ৩ কলাম ... ৬ ...

# আন্তর্জাতিক ভাষা পুরস্কার প্রদানের সিদ্ধান্ত

বাসস ॥ সরকার আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রতি বৎসর একুশের চেতনার আলোকে আন্তর্জাতিক ভাষা পুরস্কার প্রদানের সিদ্ধান্ত নিয়াছে। ইহাছাড়া ২১শে ফেব্রুয়ারী হইতে মাসব্যাপী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনেরও সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। গতকাল সোমবার আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০০১ উদযাপনের ব্যাপারে এক বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠকে সভাপতিত্ব করেন।

বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান ও শিশু একাডেমীর শাখাসমূহে আনন্দ উৎসবের মধ্যদিয়া দিবসটি পালন করা হইবে। ইহাছাড়া বাংলাদেশের কূটনৈতিক মিশনগুলিও কর্মসূচী গ্রহণ করিবে। ঢাকায় আন্তর্জাতিক বইমেলার আয়োজন করা হইবে। প্রধানমন্ত্রী বলেন, শীঘ্রই ঢাকায় আন্তর্জাতিক ভাষা গবেষণা ইনষ্টিটিউট প্রতিষ্ঠা করা হইবে। তিনি বলেন, ভাষা আন্দোলনের ইতিহাস তুলিয়া ধরিয়া বাংলা একাডেমী একটি গবেষণামূলক গ্রন্থ রচনা করিতেছে। অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়া, শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক, বন ও পরিবেশ মন্ত্রী সৈয়দা সাজেদা চৌধুরী, খাদ্যমন্ত্রী আমির হোসেন আমু, কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী, প্রধানমন্ত্রীর সংসদ বিষয়ক উপদেষ্টা সুরঞ্জিত সেনগুপ্ত, পররাষ্ট্র প্রতিমন্ত্রী আবুল হাসান চৌধুরী, পরিকল্পনা প্রতিমন্ত্রী ডঃ মহীউদ্দিন খান আলমগীর, আওয়ামী লীগ প্রেসিডিয়াম সদস্য সৈয়দা জোহরা তাজউদ্দিন ও প্রিন্সিপাল কামরুজ্জামান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরী, এ্যাডভোকেট গাজীউল হক, ইত্তেফাকের ভারপ্রাপ্ত সম্পাদক রাহাত খান, অবজারভারের সম্পাদক ইকবাল সোবহান চৌধুরী, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক দুর্গাদাস ভট্টাচার্য, চিত্রশিল্পী হাশেম খান, এম আর আখতার মুকুল প্রমুখ অনুষ্ঠানে বক্তব্য রাখেন।